# রাজশাহী বিশ্ববিদ্যালয়

## ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রথমবর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি আবেদনের বিজ্ঞপ্তি

মেমো নং- এ- ২৫০-৪/২-১(২০২২-২০২৩)　　　　　　　　　　　　　　　　　　　　তারিখ: ০২/০৩/২০২৩

১। (ক) ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রথমবর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদনকারীকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **http://admission.ru.ac.bd** এ প্রকাশিত নিয়মাবলী অনুসরণ করে সংশ্লিষ্ট ইউনিটে অনলাইনে প্রাথমিক আবেদন করতে হবে। **১৫.০৩.২০২৩ তারিখ দুপুর ১২টা থেকে ২৭.০৩.২০২৩ তারিখ রাত ১২টা পর্যন্ত প্রাথমিক আবেদন করা যাবে।**

(খ) প্রাথমিক আবেদনকারীদের মধ্য থেকে এইচএসসি/সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি ইউনিটে সর্বোচ্চ ৭২,০০০ (বায়াত্তর হাজার) জন এবং বিভিন্ন কোটায় আবেদনকারী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

**চূড়ান্ত আবেদনের সময়সীমা:**

প্রথম দফা: ০৯-০৪-২০২৩ থেকে ১৫-৪-২০২৩ তারিখ পর্যন্ত, দ্বিতীয় দফা: ১৭-০৪-২০২৩ থেকে ১৯-৪-২০২৩ তারিখ পর্যন্ত, তৃতীয় দফা: ২৬-০৪-২০২৩ থেকে ২৯-০৪-২০২৩ পর্যন্ত, এবং চতুর্থ দফা: ০১-০৫-২০২৩ থেকে ০২-০৫-২০২৩ তারিখ পর্যন্ত।

(গ) আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ভর্তি পরীক্ষা **২৯, ৩০ ও ৩১ মে ২০২৩** তারিখে অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার রুটিন যথাসময়ে প্রকাশিত হবে। চার শিফ্‌টে নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে:

**(১) সকাল ৯:০০ থেকে ১০:০০ টা পর্যন্ত (২) সকাল ১১টা থেকে ১২টা পর্যন্ত (৩) দুপুর ১:০০টা থেকে ২:০০ টা পর্যন্ত এবং (৪) বিকেল ৩:৩০ টা থেকে ৪:৩০ টা পর্যন্ত।**

২। <u>ভর্তি আবেদনের যোগ্যতা:</u>

**(I)** ২০২১ ও ২০২২ সালের এইচএসসি/সমমান, ডিপ্লোমা-ইন-কমার্স, বিএফএ (প্রাক), বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি (ভকেশনাল), A লেভেল এবং অন্যান্য সমমান পরীক্ষায় [এইচএসসি সমমান নির্ধারণ কমিটি কর্তৃক অনুমোদন সাপেক্ষে] উত্তীর্ণ শিক্ষার্থীরাই কেবল ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবে। উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে এসএসসি/ এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী আবেদন করতে পারবে না। বিএফএ (প্রাক) ডিগ্রিপ্রাপ্ত শিক্ষার্থীদের ফলাফল এখনও সনাতন পদ্ধতিতে হওয়ায় তাদের আবেদন গ্রহণযোগ্য হবে। তবে তাদের মার্কশিট থাকতে হবে।

কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীন কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানসমূহ হতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং-এ উত্তীর্ণ শিক্ষার্থীরাও সংশ্লিষ্ট ইউনিটে আবেদন করতে পারবে তবে তাদের প্রাপ্ত জিপিএ ৫.০০ স্কেলে নির্ধারিত হবে।

**(II)**

| |
|---|
| **মানবিক শাখা থেকে উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.০০ সহ মোট জিপিএ ৭.০০ পেতে হবে।** |
| **বাণিজ্য শাখা থেকে উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.৫০ সহ মোট জিপিএ ৭.৫০ পেতে হবে।** |
| **বিজ্ঞান শাখা থেকে উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.৫০ সহ মোট জিপিএ ৮.০০ পেতে হবে।** |
| **জিসিই O লেভেল পরীক্ষায় ৫টি বিষয়ে এবং A লেভেল পরীক্ষায় অন্ততঃ ২টি বিষয়ে উত্তীর্ণ হতে হবে এবং উভয় লেভেলে মোট ৭টি বিষয়ের মধ্যে ৪টি বিষয়ে কমপক্ষে B গ্রেড এবং ৩টি বিষয়ে কমপক্ষে C গ্রেড পেতে হবে। O লেভেল, A লেভেল এবং ইংলিশ ভার্সন (ন্যাশনাল কারিকুলাম) পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের প্রশ্ন প্রযোজ্য ক্ষেত্রে ইংরেজিতে অনুবাদ করা হবে। ইংরেজি প্রশ্নপত্রে পরীক্ষা দিতে ইচ্ছুক প্রার্থীকে ভর্তি পরীক্ষার চূড়ান্ত আবেদনকালে অনলাইনে থাকা সংশ্লিষ্ট অপশনটি অবশ্যই পূরণ করতে হবে।** |

**(III) ভর্তি পরীক্ষার পূর্ণমান, সময় ও পরীক্ষা গ্রহণের পদ্ধতি নিম্নরূপ:**

এইচএসসি ২০২২ পরীক্ষায় বোর্ড কর্তৃক যে সংক্ষিপ্ত পাঠ্যসূচি (Short Syllabus) অনুসরণ করা হয়েছে তার আলোকে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রথমবর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

মানবিক, বাণিজ্য ও বিজ্ঞান শাখা হতে ২০২১ ও ২০২২ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা **A, B** ও **C** তিনটি ইউনিটেই যোগ্যতা অনুযায়ী আবেদন করতে পারবে। **আবেদনকারী যে ইউনিটেই আবেদন করুক না কেন সে যে শাখা থেকে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে সে শাখার জন্য নির্ধারিত যোগ্যতা তার ক্ষেত্রে প্রযোজ্য হবে।**

১০০ নম্বরের MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় হবে ১ (এক) ঘন্টা। পরীক্ষায় প্রতিটি ইউনিটে ৮০টি প্রশ্ন থাকবে। পরীক্ষায় নেগেটিভ মার্কিং প্রযোজ্য হবে। প্রতি ৪টি ভুল উত্তরের জন্য ১ (এক) নম্বর কাটা যাবে। ভর্তি পরীক্ষায় পাশ নম্বর ৪০। এছাড়া ইউনিট/বিভাগ/ইনস্টিটিউট কর্তৃক আরোপিত শর্ত প্রযোজ্য হবে। **অনলাইনে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী বিশেষ কোটার প্রার্থীদের আবেদন করতে হবে।**

ইউনিট/বিভাগ/ইনস্টিটিউট কর্তৃক আরোপিত শর্ত, অনলাইনে আবেদন পদ্ধতি, ভর্তি পরীক্ষার রুটিন ও প্রয়োজনীয় তথ্যাবলী যথাসময়ে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **http://admission.ru.ac.bd** এ প্রকাশিত হবে।

পরীক্ষার হলে কোন ধরনের ইলেকট্রনিক ডিভাইস, যেমন মোবাইল ফোন, ক্যালকুলেটর, হেডফোন, মেমোরিযুক্ত ঘড়ি ইত্যাদি সঙ্গে আনা যাবে না। পরীক্ষা চলাকালীন পরীক্ষার্থীর কান অনাবৃত রাখতে হবে।

অঃ পৃঃ দ্রঃ

৩। **বিভিন্ন ইউনিটে প্রদেয় ফি:**

এক বা একাধিক ইউনিটে প্রাথমিক আবেদন ফি ৫৫ টাকা। যারা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে কেবলমাত্র তারাই নির্ধারিত ইউনিটের ফি জমা দিবে।

| ইউনিট | বিভাগ/ ইনস্টিটিউট | অনলাইনে চূড়ান্ত আবেদন ফি (১০% সার্ভিস চার্জসহ) |
|---|---|---|
| **ইউনিট A (মানবিক):**<br>কলা অনুষদ;<br>আইন অনুষদ;<br>সামাজিক বিজ্ঞান অনুষদ;<br>চারুকলা অনুষদ এবং<br>শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট | **কলা অনুষদ :**<br>(১) দর্শন, (২) ইতিহাস, (৩) ইংরেজি, (৪) বাংলা, (৫) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, (৬) আরবী, (৭) ইসলামিক স্টাডিজ, (৮) নাট্যকলা, (৯) সঙ্গীত, (১০) ফারসি ভাষা ও সাহিত্য, (১১) সংস্কৃত এবং (১২) উর্দূ বিভাগ<br>**আইন অনুষদ:**<br>(১) আইন এবং (২) আইন ও ভূমি প্রশাসন বিভাগ<br>**সামাজিক বিজ্ঞান অনুষদ:**<br>(১) অর্থনীতি, (২) রাষ্ট্রবিজ্ঞান, (৩) সমাজকর্ম, (৪) সমাজবিজ্ঞান, (৫) গণযোগাযোগ ও সাংবাদিকতা, (৬) ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরী ম্যানেজমেন্ট, (৭) লোক প্রশাসন, (৮) নৃবিজ্ঞান, (৯) ফোকলোর এবং (১০) আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ<br>**চারুকলা অনুষদ:**<br>(১) চিত্রকলা, প্রাচ্যকলা ও ছাপচিত্র, (২) মৃৎশিল্প ও ভাস্কর্য এবং (৩) গ্রাফিক ডিজাইন, কারুশিল্প ও শিল্পকলার ইতিহাস বিভাগ<br>**ইনস্টিটিউট:**<br>শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট | **১২০০ + ১২০ = ১৩২০ টাকা** |
| **ইউনিট B (বাণিজ্য):**<br>বিজনেস স্টাডিজ অনুষদ<br>এবং<br>ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট | **বিজনেস স্টাডিজ অনুষদ:**<br>(১) হিসাববিজ্ঞান ও তথ্য ব্যবস্থা, (২) ম্যানেজমেন্ট স্টাডিজ, (৩) মার্কেটিং, (৪) ফাইন্যান্স, (৫) ব্যাংকিং ও ইনস্যুরেন্স এবং (৬) ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ<br>**ইনস্টিটিউট:**<br>ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট | **১০০০ + ১০০ = ১১০০ টাকা** |
| **ইউনিট C (বিজ্ঞান):**<br>বিজ্ঞান অনুষদ;<br>জীববিজ্ঞান অনুষদ;<br>কৃষি অনুষদ;<br>প্রকৌশল অনুষদ;<br>ভূ-বিজ্ঞান অনুষদ;<br>ফিশারীজ অনুষদ এবং<br>ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদ | **বিজ্ঞান অনুষদ:**<br>(১) গণিত, (২) পদার্থবিজ্ঞান, (৩) রসায়ন, (৪) পরিসংখ্যান, (৫) প্রাণ রসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান, (৬) ফার্মেসী, (৭) পপুলেশন সায়েন্স এন্ড হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট, (৮) ফলিত গণিত এবং (৯) শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগ<br>**জীববিজ্ঞান অনুষদ:**<br>(১) মনোবিজ্ঞান,(২) উদ্ভিদবিজ্ঞান,(৩) প্রাণিবিদ্যা, (৪) জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি, (৫) চিকিৎসা মনোবিজ্ঞান এবং (৬) মাইক্রোবায়োলজি বিভাগ<br>**কৃষি অনুষদ:**<br>(১) এগ্রোনমী এন্ড এগ্রিকালচারাল এক্সটেনশন এবং<br>(২) ক্রপ সায়েন্স এন্ড টেকনোলজি বিভাগ<br>**প্রকৌশল অনুষদ:**<br>(১) ফলিত রসায়ন ও রসায়ন প্রকৌশল, (২) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, (৩) ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং , (৪) ম্যাটেরিয়াল্স সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এবং (৫) ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ<br>**ভূ-বিজ্ঞান অনুষদ:**<br>(১) ভূগোল ও পরিবেশবিদ্যা এবং (২) ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগ<br>**ফিশারীজ অনুষদ:**<br>ফিশারীজ বিভাগ<br>**ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদ:**<br>ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস বিভাগ | **১২০০ + ১২০ = ১৩২০ টাকা** |

**স্বাঃ/-**
(প্রফেসর মো. আবদুস সালাম)
রেজিস্ট্রার
রাজশাহী বিশ্ববিদ্যালয়